CAPSTONE

## General Knowledge

**Lecture#02**

# পেট্রোবাংলা স্পেশাল কোর্স




## Overview

- [x] পাকিস্তান শাসনামল (১৯৪৭-১৯৭১)

**Name:** **Batch:**

Panthapath : 01972-277866
Mirpur : 01970-985421
Mouchak : 01999-017011
Chittangong : 01970-985420

## "লেকচার শিট-০১"-এর উপর মেমোরি টেস্ট

পূর্ণমাণ: ২০ সময়: ৮ মিনিট

১। পাটালিপুত্র কাদের রাজধানী ছিল?
(ক) গুপ্তদের (খ) সেনদের (গ) পালদের (ঘ) মৌর্যদের

২। চীনা পরিব্রাজক হিউয়েন সাঙ-এর দীক্ষাগুরু কে ছিলেন?
(ক) অতীশ দীপঙ্কর (খ) শিলভদ্র (গ) মাহুয়ান (ঘ) মেগাস্থিনিস

৩। সেন রাজাদের ধর্ম ছিল-
(ক) ব্রাহ্ম (খ) বৌদ্ধ (গ) জৈন (ঘ) হিন্দু

৪। 'আইন-ই আকবরী ' গ্রন্থের প্রণেতা?
(ক) টোডরমল (খ) বীরবল (গ) আবুল ফজল (ঘ) তানসেন

৫। তরাইনের দ্বিতীয় যুদ্ধে কে পরাজিত হন?
(ক) মুহাম্মদ ঘুরী (খ) লক্ষ্মণ সেন (গ) পৃথ্বিরাজ (ঘ) জয়চন্দ্র

৬। Who is the last viceroy of British India?
(ক) লর্ড ওয়াভেল (খ) লর্ড কার্জন (গ) লর্ড বেন্টিঙ্ক (ঘ) লর্ড মাউন্ট ব্যাটেন

৭। দিল্লী সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা-
(ক) কুতুবউদ্দীন আইবেক (খ) শামসুদ্দীন ইলতুৎমিশ (গ) গিয়াসউদ্দীন বলবন (ঘ) আলাউদ্দীন খলজি

৮। কৈবর্ত বিদ্রোহের নেতা কে ছিলেন?
(ক) কৈবর্ত (খ) অশোক (গ) দিব্য (ঘ) কানু

৯। কোন মোগল সম্রাট বাংলার নাম দেন জান্নাতাবাদ?
(ক) বাবর (খ) হুমায়ুন (গ) আকবর (ঘ) জাহাঙ্গীর

১০। বাংলার 'চিরস্থায়ী বন্দোবস্ত' প্রবর্তন করা হয় কত সালে?
(ক) ১৭০০ (খ) ১৭৬২ (গ) ১৯৬৫ (ঘ) ১৭৯৩

১১। সম্রাট শাহজাহান মোঘল বংশের কততম শাসক?
(ক) তৃতীয় (খ) চতুর্থ (গ) পঞ্চম (ঘ) ষষ্ঠ

১২। ভারত উপমহাদেশের ডাক ব্যবস্থার প্রবর্তক কে?
(ক) শের শাহ (খ) সম্রাট আকবর (গ) লর্ড ক্লাইভ (ঘ) বাবর

১৩। সম্রাট শাহ জাহানের কোন পুত্র বাংলার শাসনকর্তা ছিলেন?
(ক) দারা (খ) শাহ সুজা (গ) মুরাদ (ঘ) আওরঙ্গজেব

১৪। 'বুলবুল-ই হিন্দ' কাকে বলা হয়?
(ক) তানসেন (খ) আমীর খসরু (গ) আবুল ফজল (ঘ) গালিব

১৫। শেষ মোঘল সম্রাট বাহাদুর শাহের কবর কোথায়?
(ক) দিল্লী (খ) আগ্রা (গ) ইয়াঙ্গুন (ঘ) লাহোর

১৬। সতীদাহ প্রথা কত সালে রহিত হয়?
(ক) ১৯১৯ সালে (খ) ১৮২৯ সালে (গ) ১৯৩৯ সালে (ঘ) ১৯৪৯ সালে

১৭। বক্সারের যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
(ক) ১৬৬০ (খ) ১৭০৭ (গ) ১৭৫৭ (ঘ) ১৭৬৪

১৮। ফোর্ট উইলিয়াম দুর্গ কোথায় অবস্থিত?
(ক) ঢাকা (খ) মুর্শিদাবাদ (গ) কলকাতা (ঘ) আগ্রা

১৯। 'অধীনতামূলক মিত্রতা' নীতির প্রবর্তক-
(ক) লর্ড ক্লাইভ (খ) লর্ড ওয়েলেসলি (গ) লর্ড মিন্টো (ঘ) লর্ড বেটিঙ্ক

২০। ১৯৪৭ সালের সীমানা কমিশন যে নামে পরিচিত-
(ক) র‍্যাডক্লিফ কমিশন (খ) সাইমন কমিশন (গ) লরেন্স কমিশন (ঘ) ম্যাকডোনাণ্ড কমিশন

CAPSTONE

# পাকিস্তান আমল

❖ ১৯৩৯ ➪ দ্বিজাতি তত্ত্ব ঘোষণা। ঘোষক মোহাম্মদ আলী জিন্নাহ।

❖ ১৯৪০ ➪ লাহোর প্রস্তাব উত্থাপন করেন শেরে বাংলা একে ফজলুল হক।

❖ ১৯৪৭ ➪ ১৮ জুলাই: ভারত স্বাধীনতা আইন পাশ।

➪ ১৪ আগস্ট: পাকিস্তান রাষ্ট্রের সূচনা।

➪ ১৫ আগস্ট: ভারত রাষ্ট্রের সূচনা।

➪ ১ সেপ্টেম্বর: তমদ্দুন মজলিস গঠন।

❖ ১৯৪৮ ➪ ২৩ ফেব্রুয়ারি: গণপরিষদের প্রথম অধিবেশন।

➪ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবি ধীরেন্দ্রনাথ দত্তর।

➪ ২১ মার্চ: রেসকোর্স ময়দানে মোহাম্মদ আলী জিন্নাহর 'উর্দু'-কে একমাত্র রাষ্ট্রভাষা করার দাবি।

❖ ১৯৪৯ ➪ ২৩ জুন: আওয়ামী মুসলিম লীগ গঠন।

❖ ১৯৫২ ➪২১ ফেব্রুয়ারি: পুলিশের গুলিতে সালাম, বরকত, শফিউরসহ অনেকে শহীদ হন ভাষার দাবিতে।

➪২৩ শে ফেব্রুয়ারি: প্রথম শহীদ মিনার স্থাপিত।

❖ ১৯৫৪ ➪ ৮ মার্চ: যুক্তফ্রন্ট নির্বাচন।

➪ ৩ এপ্রিল: নির্বাচনের যুক্তফ্রন্টের বিজয়ের পর এই দিন মন্ত্রীসভা গঠন।

➪ ৩০ মে: প্রাদেশিক মন্ত্রীসভা বরখাস্ত।

❖ ১৯৫৬ ➪ ২৩ মার্চ: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র রচিত।

➪ পাকিস্তানের 'ইসলামি প্রজাতন্ত্রের' প্রথম প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিল ইস্কান্দার মির্জা।

❖ ১৯৫৭ ➪ (৬-১০ ফেব্রুয়ারি): কাগমারি সম্মেলন অনুষ্ঠিত।

❖ ১৯৫৮ ➪ ৭ অক্টোবর: সামরিক আইন জারি।

➪ ২৭ অক্টোবর: জেনারেল আইয়ুব খানের ক্ষমতা দখল।

❖ ১৯৬০ ➪ ২৩ মার্চ: সামরিক আইন প্রত্যাহার।

➪ এ বছরেই নির্বাচন পরবর্তী ৫ বছরের জন্য আইয়ুব খান প্রেসিডেন্ট হন।

❖ ১৯৬২ ➪ আগস্ট মাস থেকে 'বাষট্টির শিক্ষা আন্দোলন' শুরু শরীফ কমিশন রিপোর্ট বাতিলের দাবিতে।

❖ ১৯৬৫ ➪ প্রেসিডেন্ট নির্বাচন; আইয়ুব খান আবার নির্বাচিত।

➪ সেপ্টেম্বর-৬: পাক-ভারত যুদ্ধ।

❖ ১৯৬৬ ➪ ৫ ফেব্রুয়ারি: লাহোরে শেখ মুজিবের ছয় দফা উত্থাপন।

➪ ২৩ মার্চ: সংবাদ সম্মলন করে আনুষ্ঠানিকভাবে ছয় দফা ঘোষণা ।

➪ ৭ জুন: ছয় দফা দিবস।

❖ ১৯৬৮➪ ১৫ জানুয়ারি: আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের।

❖ ১৯৬৯➪ ২২ ফেব্রুয়ারি: আগরতলা মামলার বন্দিদের মুক্তি দেয়া হয়।

➪ ২৩ ফেব্রুয়ারি: শেখ মুজিবকে 'বঙ্গবন্ধু' উপাধি দেয়া হয়।

➪ ২৪ মার্চ: আইয়ুব খানের পদত্যাগ, ইয়াহিয়ার ক্ষমতা গ্রহণ।

❖ ১৯৭০➪ ১২ নভেম্বর: ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে পূর্ব পাকিস্তানে কয়েক লক্ষ মানুষের মৃত্যু।

➪ ৭ ডিসেম্বর: জাতীয় পরিষদের নির্বাচন (আওয়ামী লীগের সংখ্যাগরিষ্ঠতা)

➪ ১৭ ডিসেম্বর: প্রাদেশিক পরিষদের নির্বাচন।

❖ ১৯৭১ ➪ ১ মার্চ: জাতীয় পরিষদের প্রথম অধিবেশন স্থগিত।

➪ ২ মার্চ: জাতীয় পতাকা উত্তোলন।

➪ ৭ মার্চ: বঙ্গবন্ধুর জাতির উদ্দেশ্য ভাষণ।

➪ (১৬-২৩ মার্চ): ইয়াহিয়া মুজিব আলোচনা ব্যর্থ।

➪২৫ মার্চ: পূর্ব পাকিস্তানে ব্যাপক গণহত্যা (অপারেশন সার্চলাইট)

➪ ২৬ মার্চ: প্রথম প্রহরে গ্রেপ্তার হবার পূর্বে বঙ্গবন্ধু স্বাধীনতার ঘোষণা দেন

.................................................. এবং মুক্তিযুদ্ধের সূচনা ..................................................

## ভাষা আন্দোলন

১৯৪৭ সালের ১ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে ভাষা আন্দোলনের প্রথম সংগঠন হিসেবে জন্ম নেয় 'তমদ্দুন মসজিস'। এই সংগঠন ঐ বছরের ১৫ সেপ্টেম্বর ভাষা আন্দোলন কেন্দ্রিক প্রথম পুস্তক রচনা করে 'পাকিস্তানের রাষ্ট্রভাষা বাংলা না উর্দু'। এরই ধারাবাহিকতায় ১৯৪৮-এর ২৩ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণপরিষদের প্রথম অধিবেশনে কুমিল্লার ধীরেন্দ্রনাথ দত্ত উর্দুর পাশাপাশি বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবি করেন। ১৯৪৮-এর ২১ শে মার্চ মোঃ আলী জিন্নাহ ঢাকার রেসকোর্স ময়দানে উর্দুকে একমাত্র রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করেন। ১৯৫২-এর ৩১ শে জানুয়ারি 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়।

প্রয়োজনীয় তথ্য:
- ☑ ১৯৪৭-৪৮-এর সময় পূর্ব পাকিস্তানের মূখ্য মন্ত্রী: খাজা নাজিম উদ্দীন।
- ☑ প্রধানমন্ত্রী: লিয়াকত আলী খান।
- ☑ **গর্ভনর জেনারেল জিন্নাহ।**
- ☑ ১৯৫২-এর পূর্ব পাকিস্তানের মূখ্যমন্ত্রী: নুরুল আমিন।
- ☑ প্রধানমন্ত্রী: খাজা নাজিম উদ্দীন ।

১৯৫২-এর ২১ ফেব্রুয়ারি ১৪৪ ধারা জারি থাকা সত্ত্বেও তা অমান্য করে ছাত্ররা বের হলে পুলিশের গুলিতে সালাম, বরকত, জব্বার, শফিউর, রফিক উদ্দীন শহীদ হন। ছাত্ররা তাদের **স্বরণে ২৩ ফেব্রুয়ারি প্রথম শহীদ মিনার** নির্মাণ করে ঢাকা মেডিক্যালের সামনে। যা উদ্বোধন করেন শহীদ শফিউরের পিতা ২৪ ফেব্রুয়ারি।

১৯৫৪ সালের ৯ মে গণপরিষদে বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়া হয়। ১৯৯৯-এর ১৭ নভেম্বর UNESCO ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতি দেয়।

প্রয়োজনীয় তথ্য:
- ☑ মূল/বর্তমান শহীদ মিনারের নির্মাণ: ১৯৭২।
- ☑ নির্মাতা: হামিদুর রহমান।

## Skill Builder-01

১। রাষ্ট্রভাষা আন্দোলনের প্রথম সংগঠন কোনটি?
(ক) তমদ্দুন মজলিস (খ) পূর্ব বাংলা ভাষা কমিটি (গ) রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ (ঘ) জয় বাংলা

২। সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্টভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়- [খনিজ মন্ত্রণালয়-১৯, পল্লী বিদ্যুৎ-১৭, ৩৬তম বিসিএস]
(ক) ৩০ জানুয়ারি ১৯৫২ (খ) ২ ফেব্রুয়ারি ১৯৫২ (গ) ১৮ ফেব্রুয়ারি ১৯৫২ (ঘ) ২০ জানুয়ারি ১৯৫২

৩। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো ২১ ফেব্রুয়ারি'-এই গানের রচয়িতা কে? [পররাষ্ট্র মন্ত্রণালয়, AD-19, পিএসসির নিয়োগ পরীক্ষা-১৭]
(ক) আব্দুল গাফফার চৌধুরী (খ) আলতাফ মাহমুদ (গ) আব্দুল লতিফ (ঘ) আব্দুল আলীম

৪। বাংলা একাডেমি প্রাঙ্গণে 'মোদের গরব' ভাস্কর্য-এর স্থপতি কে? [পিএসসি-১৬]
(ক) অখিল পাল (খ) হামিদুর রহমান (গ) মৃন্ময় সেন (ঘ) নভেরা আহমেদ

৫। ভাষা আন্দোলনের সময় পূর্ব পাকিস্তানের মূখ্যমন্ত্রী কে ছিলেন?
(ক) খাজা নাজিম উদ্দিন (খ) লিয়াকত আলী খান (গ) নুরুল আমিন (ঘ) আইয়ুব খান

৬। নিচের কোনটি ভাষা আন্দোলন ভিত্তিক চলচ্চিত্র?
(ক) হাঙ্গর নদীর গ্রেনেট (খ) মনপুরা (গ) জীবন থেকে নেয়া (ঘ) মাটি ময়না

৭। 'কবর' নাটকটি নিচের কোন পটভূমিতে লেখা?
(ক) ৭১-এর মুক্তিযুদ্ধ (খ) ৬৯-এর গণ অভ্যুত্থান
(গ) ৬২-এর শিক্ষা আন্দোলন (ঘ) ৫২-এর ভাষা আন্দোলন

৮। UNESCO ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করে-
(ক) ১৯৯৯ -এর ১৭ নভেম্বর (খ) ১৯৯৯-এর ৭ নভেম্বর
(গ) ২০০০-এর ১৭ নভেম্বর (ঘ) ১৯৯৮-এর ৭ নভেম্বর

৯। পাকিস্তানের গণপরিষদ বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয়-
(ক) ২০ ফেব্রুয়ারি, ১৯৫২ (খ) ১ মার্চ, ১৯৫২
(গ) ২১ ফেব্রুয়ারি, ১৯৫৪ (ঘ) ৯ মে, ১৯৫৪

১০। সরকারি অর্থায়নে দেশের বাইরে প্রথম শহীদ মিনার-
(ক) ওমান (খ) টোকিও (গ) লন্ডন (ঘ) বেইজিং

**আরও একটু ফিরে দেখা:**
- ☑ দ্বিজাতি তত্ত্ব: সংখ্যাগরিষ্ট মুসলিমদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে ১৯৩৯ সালে মোহাম্মদ আলী জিন্নাহ এ তত্ত্ব দেন। হিন্দু-মুসলিম আলাদা জাতি; তা এ তত্ত্বের মূল কথা।
- ☑ লাহোর প্রস্তাব: ১৯৪০ সালে শেরে বাংলা একে ফজলুল হক মুসলিম লীগের এক জনসভায় এ প্রস্তাব দেন। ভারতে মুসলিম অধ্যুষিত অঞ্চল সমূহ নিয়ে 'স্বাধীন রাষ্ট্রসমূহ' গঠনের প্রস্তাবই ছিল লাহোর প্রস্তাবের মূল বক্তব্য।
- ☑ ভারত স্বাধীনতা আইন: ১৯৪৭ সালের ১৮ জুলাই, লর্ড মাউন্ট ব্যাটেন থাকাকালীন 'ভারত স্বাধীনতা আইন' পাশ হয় এবং এই অনুযায়ী ১৯৪৭-এর ১৪ আগস্ট পাকিস্তানের হাতে ও ১৫ আগস্ট ভারতের হাতে ক্ষমতা হস্তান্তর করা হয় স্বাধীন রাষ্ট্র হিসেবে।
- ☑ র‍্যাডক্লিফ (রোয়েদাদ সীমানা কমিশন): স্যার র‍্যাডক্লিফের নেতৃত্বে ভারতবর্ষ দু'ভাগে ভাগ হয়। এ জন্য ভারত-পাকিস্তান সীমারেখার নাম র‍্যাডক্লিফ ও লাইনস্ অব কন্ট্রোল (কাশ্মীরে)।

## Skill Builder-02

১। লাহোর প্রস্তাব কত সালে উত্থাপিত হয়?

(ক) ১৯৪০ (খ) ১৯৫৬ (গ) ১৯৪৭ (ঘ) ১৯৫৭

২। কোন আইনের মাধ্যমে ভারত ও পাকিস্তান পৃথক রাষ্ট্র গঠনের সিদ্ধান্ত?

(ক) ভারত শাসন আইন (খ) বঙ্গভঙ্গ আইন (গ) ভারত স্বাধীনতা আইন (ঘ) মন্টেগু চেমসফোর্ড আইন

৩। লাহোর প্রস্তাব ১৯৪০-এর মূল বিষয় ছিল-

(ক) মুসলিম সংখ্যাগরিষ্ঠ (খ) ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠা

(গ) শুধুমাত্র একটি মুসলিম দেশ (ঘ) শুধুমাত্র স্বাধীন দেশ গঠিতাদেশ

৪। ক্রিপস মিশন ভারতীয় উপমহাদেশে আসে-

(ক) ১৯৪২ (খ) ১৯৪৫ (গ) ১৯৪৬ (ঘ) ১৯৩৮

৫। দ্বিজাতি তত্ত্বের প্রবক্তা-

(ক) আল্লামা ইকবাল (খ) স্যার সৈয়দ আহমদ (গ) মোহাম্মদ আলী জিন্নাহ (ঘ) স্যার সলিমুল্লাহ

## ১৯৫৪-এর নির্বাচন

১৯৫৪ সালের পূর্ব পাকিস্তানের সাধারণ নির্বাচনকে কেন্দ্র করে ক্ষমতাসীন মুসলিম লীগের বিরুদ্ধে বিরোধী দলগুলো মিলে যুক্তফ্রন্ট গঠন করে।

| | |
|---|---|
| ❖ যুক্তফ্রন্ট | আওয়ামী মুসলিম লীগ (মাওলানা ভাসানীর নেতৃত্বে)। |
| | কৃষক শ্রমিক পার্টি (শেরে বাংলা ফজলুল হকের নেতৃত্বে)। |
| | নেজামে ইসলাম পার্টি (মাওলানা আতাহার আলীর নেতৃত্বে)। |
| | বামপন্থী গণতন্ত্রী দল (হাজী দানেশের নেতৃত্বে)। |

যুক্তফ্রন্ট নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৫৪ সালের ৮ই মার্চ। ৩০৯টি আসনের মধ্যে যুক্তফ্রন্ট জয় পায় ২২৩টি আসনে এবং মুসলিম লীগ মাত্র ৯টিতে জয় পায়। ১৪ সদস্য বিশিষ্ট মন্ত্রীসভা গঠিত হয় ১৯৫৪ সালের ৩ এপ্রিল। যা ৩০ শে মে পর্যন্ত অর্থাৎ মাত্র ৫৬দিন বলবৎ ছিল।

| | |
|---|---|
| ❖ যুক্তফ্রন্ট মন্ত্রীসভা | মুখ্যমন্ত্রী+অর্থ+ স্বরাষ্ট্র+ রাজস্ব → শেরে বাংলা একে ফজলুল হক। |
| | কৃষি+ সমবায়+ পল্লী উন্নয়ন বিভাগ →বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। |

উল্লেখ্য, ২১ দফা কর্মসূচি নিয়ে যুক্তফ্রন্ট ১৯৫৪-এর নির্বাচন অংশ নিয়েছিল।

## পাকিস্তানের সামরিক শাসন

- ❖ পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র রচিত হয় ১৯৫৬-এর ২৩ মার্চ। প্রেসিডেন্ট ইস্কান্দার মির্জা এ সময় 'ইসলামী প্রজাতন্ত্র পাকিস্তানের' প্রথম প্রেসিডেন্ট হন।
- ❖ ১৯৫৭ সালের ৬-১০ ফেব্রুয়ারি টাঙ্গাইল জেলার সন্তোষে অনুষ্ঠিত হয় ঐতিহাসিক **'কাগমারী সম্মেলন'**। সভাপতিত্ব করেন মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী। এ সম্মেলন-এর বিষয়বস্তু ছিল **'পূর্ব পাকিস্তানের স্বায়ত্ব শাসন ও জোট নিরপেক্ষ পররাষ্ট্রনীতি'**।
- ❖ ডেপুটি স্পীকার শাহেদ আলী বিরোধী দলের আক্রমণে আহত হয়ে মারা যান। সেই সুযোগে ১৯৫৮-এর ৭ অক্টোবর ইস্কান্দার মির্জা দেশে সামরিক শাসন জারি করেন।
- ❖ আইয়ুব খান, ইস্কান্দার মির্জাকে সরিয়ে ১৯৫৮-এর ২৭ অক্টোবর নিজেকে প্রেসিডেন্ট হিসবে ঘোষণা করেন।
- ❖ আইয়ুব খান 'মৌলিক গণতন্ত্র' চালু করেন। এটি এক ধরনের সীমিত গণতন্ত্র যাতে কেবল নির্দিষ্ট সংখ্যক লোকের (মৌলিক গণতন্ত্রী/বিডি মেম্বার) প্রেসিডেন্ট নির্বাচনের অধিকার ছিল।
- ❖ মৌলিক গণতন্ত্রীদের সহযোগিতায় আইয়ুব খান ১৯৬০ সালের নির্বাচনেও জয়লাভ করেন পরবর্তী ৫ বছরের জন্য। এ বছরের ২৩ মার্চ সামরিক আইন প্রত্যাহার করা হয়।
- ❖ ১৯৬২ সালের ১ মার্চ নতুন সংবিধান দেয়া হয়। এ বছরের আগস্টে শরিফ কমিশনের শিক্ষা বিষয়ক রিপোর্ট প্রকাশিত হলে ছাত্ররা আন্দোলন করে। যা বাষট্টির ভাষা আন্দোলন নামে পরিচিত।
- ❖ ১৯৬৫ —
  - ভারত-পাকিস্তান যুদ্ধ
  - প্রেসিডেন্ট নির্বাচন
- ❖ ১৯৬৫ সালের ৬ সেপ্টেম্বর ভারত-পাকিস্তান যুদ্ধ হয় যা ১৭ দিন ব্যাপী ছিল। আইয়ুব খান 'কনভেনশন মুসলিম লীগ' গঠন করে ১৯৬৫-এর নির্বাচনে অংশ নেন এবং ফাতেমা জিন্নাহর Cop (Combined Oppositon Party)-কে পরাজিত করে পুনরায় প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হন।

## Skill Builder-03

১। যুক্তফ্রন্ট মন্ত্রীসভায় শেখ মুজিব কোন মন্ত্রণালয়ের দায়িত্ব ছিলেন?

(ক) স্বরাষ্ট (খ) স্থানীয় সরকার (কৃষি, পল্লী, সমবায়) (গ) পররাষ্ট্র (ঘ) মুখ্যমন্ত্রী

২। যুক্তফ্রন্ট মন্ত্রীসভা কয় সদস্য বিশিষ্ট হয়?

(ক) ৪ (খ) ১৪ (গ) ৬ (ঘ) ১০

৩। যুক্তফ্রন্ট ১৯৫৪-এর নির্বাচনে কয়টি আসনে জয়লাভ করে?

(ক) ২৩৯টি (খ) ২২৩টি (গ) ২২৯টি (ঘ) ২৩৩টি

৪। নিচের কোন দলটি যুক্তফ্রন্টের অন্তর্গত ছিল না?
(ক) আওয়ামী লীগ (খ) নেজামে ইসলাম
(গ) আওয়ামী মুসলিম লীগ (ঘ) কৃষক শ্রমিক পার্টি

৫। পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট ছিলেন?
(ক) ইস্কান্দার মির্জা (খ) ইয়াহিয়া (গ) আইয়ুব খান (ঘ) জুলফিকার আলী ভুট্টো

৬। কোথায় কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল?
(ক) গাজীপুর (খ) সোহরাওয়ার্দী উদ্যান (গ) সিরাজগঞ্জ (ঘ) টাঙ্গাইলের সন্তোষ

৭। প্রথম সামরিক শাসন জারি হয় কবে?
(ক) ১৯৫৭-এর ৬ ফেব্রুয়ারি (খ) ১৯৫৮-এর ৭ অক্টোবর
(গ) ১৯৫৮-এর ৭ মার্চ (ঘ) ১৯৬০-এর ২৩ মার্চ

৮। তৎকালীন পাকিস্তানে 'মৌলিক গণতন্ত্রী'র সংখ্যা কত ছিল?
(ক) ৪০,০০০ (খ) ১,০০,০০০ (গ) ৮০,০০০ (ঘ) ৫০,০০০

৯। নিচের কোন রিপোর্ট ছাত্র সমাজে ব্যাপক প্রভাব ফেলে?
(ক) শরিফ শিক্ষা কমিশন রিপোর্ট (খ) করাচি শিক্ষা রিপোর্ট
(গ) হামিদুর রহমান কমিশন রিপোর্ট (ঘ) ভাষা আন্দোলন রিপোর্ট

১০। ভারত-পাকিস্তান যুদ্ধ হয় কত সালে?
(ক) ১৯৫৬ (খ) ১৯৬৫ (গ) ১৯৬৬ (ঘ) ১৯৭০

## ছয় দফা আন্দোলন (১৯৬৬)

১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে বিরোধী দলীয় নেতাদের সম্মেলনে শেখ মুজিব ছয়দফা পেশ করেন। ২৩ মার্চ তিনি লাহোরে সংবাদ সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ছয়দফা তুলে ধরেন। ছয় দফা হল বাঙালি জাতির মুক্তির সনদ। পূর্ব বাংলার স্বায়ত্ত্বশাসন ছিল এর মূল দাবি। তাই একে বাঙালি জাতির ম্যাগনাকার্টা হিসেবে বিবেচনা করা হত। ৭ জুন কে ছয়দফা দিবস বলা হত।

ছয়দফার গুরুত্বপূর্ণ দিক সমূহ
- → যুক্তরাষ্ট্রীয় সংবিধান +প্রদেশ গুলোর নিজস্ব ক্ষমতা।
- → দেশ রক্ষা ও পররাষ্ট্র বাদে বাকী সব ক্ষমতা প্রাদেশিক সরকারের কাছে থাকবে।
- → দেশের দুই অংশে বিনিময়যোগ্য মুদ্রা।
- → কর-শুল্ক ধার্য ও আদায় করবে প্রাদেশিক সরকার।
- → প্রতি অঙ্গ রাজ্যের আঞ্চলিক সেনাবাহিনী থাকবে।

## আগরতলা ষড়যন্ত্র মামলা (১৯৬৮)

১৯৬৮-এর ১৫ জানুয়ারি 'আগরতলা ষড়যন্ত্র মামলা' দায়ের করা হয়। এই মামলায় আসামী ৩৫ জন (১ নং বা প্রধান আসামী শেখ মুজিব)। মামলার শিরোনাম: 'রাষ্ট্রদ্রোহিতা বনাম শেখ মুজিব ও অন্যান্য'। ব্যাপক আন্দোলনের ফলে ২২ শে ফেব্রুয়ারি, ১৯৬৯ সালে মামলার সবাইকে মুক্তি দেয়া হয়। ২৩ শে ফেব্রুয়ারি, ১৯৬৯-এ রেসকোর্স ময়দানে ছাত্রনেতা তোফায়েল আহমেদ শেখ মুজিবকে 'বঙ্গবন্ধু' খেতাব ভূষিত/আখ্যা দেন।

## গণঅভ্যুত্থান (১৯৬৯)

১৯ জুন, ১৯৬৮ সাল থেকে আগরতলা ষড়যন্ত্র মামলার বিচারকার্য শুরু হয়। এ সময় থেকে সারাদেশ গণআন্দোলন বেড়ে যায়। এই গণআন্দোলন চলাকালীন,

- ➢ ১৯৬৯-এর ২০ জানুয়ারি: ঢাবি ছাত্রনেতা আসাদুজ্জামান আসাদ শহীদ হন।
- ➢ ১৫ ফেব্রুয়ারি: সার্জেন্ট জহুরুল হককে হত্যা করা হয়।
- ➢ ১৮ ফেব্রুয়ারি: রাবির রসায়নের অধ্যাপক ড. শামসুজ্জোহা নিহত হন।

এভাবে ৬৯-এর গণঅভ্যুত্থানে সাড়া দেয় এ দেশের ছাত্র সমাজ ও লাখো জনতা। এমতাবস্থায় ২৪ মার্চ আইয়ুব খান পদত্যাগ করলে ইয়াহিয়া খান ক্ষমতা গ্রহণ করেন।

## ১৯৭০-এর নির্বাচন ও মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট

১৯৭০ সালের ৭ ডিসেম্বর জাতীয় পরিষদের নির্বাচন এবং ১৭ ডিসেম্বর প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। উক্ত নির্বাচনে আওয়ামী লীগ, জাতীয় পরিষদের ৩১৩টি আসনের মধ্যে ১৬৭টি আসনে জয়লাভ করেন (৭টি মহিলা আসন এগুলোর মধ্যে)। অন্যদিকে প্রাদেশিক পরিষদে ৩১০টি আসনের মধ্যে ২৯৮টি আসনে জয় পায় আওয়ামী লীগ। কিন্তু জয়ী দল হিসেবে আওয়ামী লীগের হাতে ক্ষমতা হস্তান্তরে টালবাহানা চলতেই থাকে।

২রা মার্চ ১৯৭১ সালে বাংলাদেশের জাতীয় পতাকা প্রথম উত্তোলন করেন ছাত্রনেতা আব্দুর রব। ১ মার্চ, ১৯৭১-এ ইয়াহিয়া জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেন। ৭ মার্চ, ১৯৭১-এ সোহরাওয়ার্দী উদ্যানে শেখ মুজিবুর রহমান জাতির উদ্দেশ্যে ঐতিহাসিক ভাষণ দেন। এই ভাষণকে ২০১৭-এ UNESCO Memory of the world International Heritage Register-এ অন্তর্ভুক্ত করে।
১৯৭১-এর ১৬-২৩ শে মার্চ বঙ্গবন্ধুর সাথে ইয়াহিয়ার বৈঠক হয়। কিন্তু সমঝোতা হয়নি। ইয়াহিয়া চলে গেলে ২৫ শে মার্চ কাল রাতের সূচনা হয়। ২৬ মার্চ প্রথম প্রহরে গ্রেপ্তার হওয়ার পূর্বে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার ঘোষণা দিয়ে যান। শুরু হয় মুক্তিযুদ্ধ।

## Skill Builder-04

১। ছয় দফা দিবস কবে?
(ক) ১৭ জুন (খ) ৭ জুন (গ) ৭ জুলাই (ঘ) ১৭ জুলাই

২। নিচের কোনটি ছয়দফার অন্তর্গত ছিল না?
(ক) যুক্তরাষ্ট্রীয় সংবিধান (খ) একক সেনাবাহিনী (গ) বিনিময় যোগ্য মুদ্রা
(ঘ) দেশ রক্ষা ও পররাষ্ট্র বাদে সব ক্ষমতা প্রাদেশিক সরকারের কাছে

৩। আগরতলা ষড়যন্ত্র মামলায় কতজন আসামী ছিলেন?
(ক) ৩৭ (খ) ৪১ (গ) ৩৬ (ঘ) ৩৫

৪। শেখ মুজিবকে বঙ্গবন্ধু উপাধি দেন কে?
(ক) ছাত্রনেতা আসাদুজ্জামান (খ) তোফায়েল আহমেদ
(গ) সিরাজুল ইসলাম চৌধুরী (ঘ) শেখ মনি

৫। ছাত্রনেতা আসাদুজ্জামান আসাদ শহীদ হন কবে?
(ক) ২০ ফেব্রুয়ারি, ১৯৬৮ (খ) ২০ জানুয়ারি, ১৯৬৯
(গ) ২০ জানুয়ারি, ১৯৬৮ (ঘ) ২০ মার্চ, ১৯৬৯

৬। ছয়দফা পেশ করা হয় কোথায়?
(ক) ঢাকায় (খ) করাচিতে (গ) লাহোরে (ঘ) ইসলামাবাদে

৭। নিচের কোনটিকে ম্যাগনাকার্টা/বাঙালির মুক্তির সনদের সাথে তুলনা করা হয়?
(ক) ৪১ দফা (খ) ২১ দফা (গ) ৬ দফা (ঘ) গণ অভ্যুত্থান

৮। ১৯৭০ সালের জাতীয় পরিষদের নির্বাচন হয় কবে?
(ক) ১৫ জানুয়ারি (খ) ১৫ ডিসেম্বর (গ) ৭ ডিসেম্বর (ঘ) ১৭ ডিসেম্বর

৯। বাংলাদেশের জাতীয় পতাকা কে প্রথম উত্তোলন করেন?
(ক) তোফায়েল আহমেদ (খ) আসম আব্দুর রব (গ) শেখ মুজিব (ঘ) আব্দুর রাজ্জাক

১০। ৭ই মার্চের ভাষণকে নিচের কোন প্রতিষ্ঠান বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি দেয়?
(ক) UNDP (খ) Asiatic Society (গ) UNESCO (ঘ) UNHCR

## বিগত বছরের প্রশ্ন

১। 'মোদের গরব, মোদের আশা, আমরি বাংলা ভাষা'- গানের রচয়িতা কে? [১৫তম বেসরকারি প্রভাষক নিবন্ধন-১৯]
(ক) অতুল প্রসাদ সেন (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) কাজী নজরুল ইসলাম (ঘ) কবি জসীমউদ্দীন

২। কত সালে পাকিস্তান গণপরিষদ বাংলাকে রাষ্ট্রভাষা স্বীকৃতি দেয়? [বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র-১৯]
(ক) ১৯৫২ সালে (খ) ১৯৫৩ সালে (গ) ১৯৫৭ সালে (ঘ) ১৯৫৫ সালে

৩। বাংলাদেশের বাইরে প্রথম শহীদ মিনার নির্মিত হয় কোন দেশে? [পল্লী বিদ্যুৎ-১১, CGDF-19]
(ক) অস্ট্রেলিয়া (খ) যুক্তরাজ্য (গ) যুকরাষ্ট্র (ঘ) চীন

৪। নিচের কোন সংস্থাটি ২১ শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দিয়েছে?
[প্রাথমিক সহকারি শিক্ষক-১৯, সেসিপ সহকারি পরিদর্শক-১৯, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা অধিদপ্তরের পরিসংখ্যান কর্মকর্তা-১৭]
(ক) UNDP (খ) UNESCO (গ) UNICEF (ঘ) UNCTAP

৫। কত সালে রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠিত হয়? [স্বরাষ্ট্র মন্ত্রণালয় হিসাবরক্ষক-১৯, একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী-১৭]
(ক) ১৯৪৮ (খ) ১৯৫২ (গ) ১৯৫০ (ঘ) ১৯২০

৬। ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি বাংলা কত সাল ছিল? [প্রধানমন্ত্রীর কার্যালয়, সহকারি পরিচালক-১৫]
(ক) ১৩৫৮ (খ) ১৩৫৯ (গ) ১৩৭০ (ঘ) ১৩৭১

৭। ১৯৫৪ সালের পূর্ব বাংলা প্রাদেশিক পরিষদ নির্বাচনে যুক্ত ছিলেন না- [৩৮তম বিসিএস]
(ক) শেরে বাংলা একে ফজলুল হক (খ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী
(গ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী (ঘ) নবাব স্যার সলিমুল্লাহ

৮। ১৯৫৪ সালে নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল- [৩৭তম বিসিএস, ত্রাণ মন্ত্রণালয়ের কর্মকর্তা-১৭]
(ক) ধানের শীষ (খ) নৌকা (গ) লাঙ্গল (ঘ) বাইসাইকেল

CAPSTONE

৯। ঐতিহাসিক ২১ দফার প্রথম দাবি কি ছিল? [লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র-১৯, তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক-১৬]
(ক) প্রাদেশিক স্বায়ত্বশাসন
(খ) পূর্ব বাংলার অর্থনৈতিক বৈষম্য দূর করা
(গ) বাংলাকে অন্যতম রাষ্টভাষা করা
(ঘ) বিনা ক্ষতিপূরণে জমিদারি স্বত্ত্বের উচ্ছেদ সাধন

১০। ঐতিহাসিক 'কাগমারি সম্মেলন'-এর নেতৃত্ব দেন- [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপরিদর্শক-১৯]
(ক) স্যার সলিমুল্লাহ (খ) শহীদ তিতুমীর (গ) মাওলানা ভাসানী (ঘ) সোহরাওয়ার্দী

১১। ১৯৫৪ সালের নির্বাচনের যুক্তফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রী কে ছিলেন? [বেসরকারি বিমান চলাচল কর্তৃপক্ষের হিসাবরক্ষক-১৭]
(ক) হাজী দানেশ
(খ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
(গ) মাওলানা আতাহার আলী
(ঘ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী

১২। ১৯৫৪-এর নির্বাচনে যুক্তফ্রন্টের কয় দফা ছিল? [বাংলাদেশ পল্লী বিদ্যুৎ বোর্ড, জেনারেল ম্যানেজার-১৮]
(ক) ৬টি (খ) ১১টি (গ) ২১টি (ঘ) ৮টি

১৩। পূর্ব বাংলার প্রথম গভর্নর ছিলেন- [প্রাথমিক প্রধান শিক্ষক-১২]
(ক) ইস্কান্দার মির্জা (খ) চৌধুরী খালেকুজ্জামান (গ) সোহরাওয়ার্দী (ঘ) একে ফজলুল হক

১৪। কোন সালে পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি হয়? [থানা শিক্ষা অফিসার-১৯]
(ক) ১৯৫৪ (খ) ১৯৫৫ (গ) ১৯৫৮ (ঘ) ১৯৫৭

১৫। পাক-ভারত যুদ্ধ কত সালে শুরু হয়? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তত্ত্বাবধায়ক-০৮]
(ক) ১৯৬৫ সালে (খ) ১৯৬৯ সালে (গ) ১৯৬৩ সালে (ঘ) ১৯৭০ সালে

১৬। ১৯৭০-এ নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদে মোট কতটি আসনে জয়লাভ করেছিল?
[১৫তম বেসরকারি শিক্ষক নিবন্ধন, বিভিন্ন মন্ত্রণালয়ের উপসহকারি প্রকৌশলী-১৭]
(ক) ১৬০টি (খ) ১৬৭টি (গ) ১৭০টি (ঘ) ৩০০টি

১৭। আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয়- [১৫তম বেসরকারি শিক্ষক নিবন্ধন]
(ক) ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯ (খ) ১৮ ফেব্রুয়ারি, ১৯৭০ (গ) ২০ মার্চ, ১৯৬৮ (ঘ) ৫ ডিসেম্বর, ১৯৫৮

১৮। বঙ্গবন্ধু ১৯৭১ সালের ৭ মার্চ কী ঘোষণ করেন?
(ক) সামরিক আইন জারি
(খ) স্বাধীনতা সংগ্রাম তথা মুক্তির সংগ্রাম
(গ) অনশন ধর্মঘট
(ঘ) পুনরায় নির্বাচন দাবি

১৯। জাতির পিতা শেখ মুজিবকে বঙ্গবন্ধু উপাধি দেয়া হয় কবে? [শিল্প মন্ত্রণালয়ের অফিসার-১৭]
(ক) ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ (খ) ২৫ জানুয়ারি, ১৯৭০ (গ) ৭ মার্চ, ১৯৭১ (ঘ) ১৬ ডিসেম্বর, ১৯৭১

২০। ছয় দফা আনুষ্ঠানিকভাবে কত তারিখে ঘোষণা করা হয়? [উপজেলা পোস্ট মাস্টার-২০১০, বিআরডিসি (মাঠ কর্মকর্তা)-২০১৩]
(ক) ২৩ মার্চ, ১৯৬৬ (খ) ২৩ সেপ্টেম্বর, ১৯৬৬ (গ) ২১ শে মে, ১৯৬৬ (ঘ) ২৩ অক্টোবর, ১৯৬৬

২১। কত তারিখে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপসহকারী-১৫, জুনিয়র অডিটর-১৪]
(ক) ৭ মার্চ, ১৯৭১ (খ) ২৬ মার্চ, ১৯৭১ (গ) ১৬ ডিসেম্বর, ১৯৭১ (ঘ) ১৭ এপ্রিল, ১৯৭১

২২। গণঅভ্যুত্থান দিবস কবে পালিত হয়? [উপ-সহকারি প্রকৌশল (সিভিল)-২০১১]
(ক) ২৪ জানুয়ারি (খ) ৭ নভেম্বর (গ) ৭ মার্চ (ঘ) ৯ ডিসেম্বর

২৩। কোন কর্মসূচি বাঙালি জাতির 'মুক্তির সনদ' হিসেবে পরিচিত? [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসন কর্মকর্তা-২০]
(ক) ৪ দফা (খ) ৯ দফা (গ) ৬ দফা (ঘ) ১৭ দফা

২৪। ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিব কয় দফা দাবি পেশ করেন?
(ক) ৬ দফা (খ) ১১ দফা (গ) ৪ দফা (ঘ) ৭ দফা

২৫। পূর্ববঙ্গ জমিদারি দখল ও প্রজাস্বত্ব আইন গ্রহীত হয়- [বাংলাদেশ রোড অথিরিটির সহকারী পরিচালক-২০০৫]
(ক) ১৯৫০ (খ) ১৯৪৮ (গ) ১৯৪৭ (ঘ) ১৯৫৫

২৬। আওয়ামী মুসলিম লীগ কত সালে গঠিত হয়? [পরিবার কল্যাণ ইন্সপেক্টর-২০১৮]
(ক) ১৯৪৮ (খ) ১৯৫০ (গ) ১৯৪৯ (ঘ) ১৯৫৫

২৭। আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কে? [একটি বাড়ি একটি খামার প্রকল্পের উপজেলা সমন্বয়কারী-২০১৭]
(ক) শেখ মুজিবুর রহমান (খ) মাওলানা ভাসানী (গ) আবুল হাশিম (ঘ) শামসুল হক

২৮। অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী কে ছিলেন? [পল্লী বিদ্যুয়ন বোর্ডের সহকারি সচিব-২০১৫]
(ক) একে ফজলুল হক (খ) নূরুল আমিন (গ) আবুল হাশেম (ঘ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

২৯। ন্যাশনাল আওয়ামী পার্টির প্রতিষ্ঠাতা কে? [উপসহকারি প্রকৌশলী বিটিভি-২০১১]
(ক) শেখ মুজিব (খ) মাওলানা ভাসানী (গ) শেরে বাংলা ফজলুল হক (ঘ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী

৩০। পূর্ব বঙ্গের নাম কখন পূর্ব পাকিস্তান করা হয়? [অর্থ মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা-২০১৪]
(ক) ১৯৫৫ (খ) ১৯৬২ (গ) ১৯৫২ (ঘ) ১৯৬৯

৩১। ঐতিহাসিক ছয় দফা ঘোষণ করা হয় ১৯৬৬ সালের- [৩৮তম বিসিএস, সংস্কৃতি মন্ত্রণালয়-২০১৯]
(ক) ফেব্রুয়ারি (খ) মে (গ) জুলাই (ঘ) আগষ্ট

৩২। বঙ্গবন্ধুর ১৯৭১-এর ৭ মার্চের ভাষণের সময়কাল পূর্ব পাকিস্তানে যে আন্দোলন চলছিল সেটি হলো-
[৩৬তম বিসিএস, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা-২০১৯]
(ক) ইসলামাবাদে সমারিক সরকারের পদত্যাগের আন্দোলন (খ) পূর্ব পাকিস্তানের অসহযোগ আন্দোলন
(গ) প্রেসিডেন্ট ইয়াহিয়ার পদত্যাগ আন্দোলন (ঘ) মার্শাল ল' পদত্যাগের আন্দোলন

৩৩। শেখ মুজিব কবে ও কোথায় ৬দফা ঘোষণা করেন? [পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী -২০২০]
(ক) ৭ জুন, ১৯৬৬ পল্টন ময়দানে (খ) ১৪ আগষ্ট, ১৯৬৬ করাচিতে
(গ) ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬ লাহোরে (ঘ) ২৩ মার্চ, ১৯৬৬ চট্টগ্রামে

৩৪। শেখ মুজিবুর রহমানকে কত সালের কত তারিখে বঙ্গবন্ধু উপাধি দেয়া হয়? [বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিরাপত্তা কর্মকর্তা-২০১৯]
(ক) ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ (খ) ২৬ ফেব্রুয়ারি, ১৯৬৯ (গ) ২৪ ফেব্রুয়ারি, ১৯৬৯ (ঘ) ২১ শে ফেব্রুয়ারি, ১৯৬৯

৩৫। ১৯৭০-এর নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার ছিলেন- [প্রাথমিক সহকারি শিক্ষক-২০১৯]
(ক) বিচারপতি আবু সাঈদ চৌধুরী (খ) বিচারপতি এম.এন হুদা
(গ) বিচারপতি এ.বি সিদ্দীক (ঘ) বিচারপতি আব্দুস সাত্তার

৩৬। বঙ্গবন্ধু শেখ মুজিব ১৯৭১-এর ৭ মার্চ ভাষণ কোথায় দেন? [রেলওয়ে উপসহকারি-২০১৩, পরিবেশ অধিদপ্তর (সহকারি পরিচালক)-২০১৪]
(ক) মানিক মিয়া এভিনিউ (খ) রেসকোর্স ময়দান (গ) পল্টন ময়দানে (ঘ) লালদীঘি ময়দান

৩৭। কত তারিখে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হয়? [জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপসহকারি-২০১৫, জুনিয়র অডিটর-২০১৪]
(ক) ৭ মার্চ, ১৯৭১ (খ) ২৬ মার্চ, ১৯৭১ (গ) ১৬ ডিসেম্বর, ১৯৭১ (ঘ) ১৭ এপ্রিল, ১৯৭১

৩৮। 'আসাদ গেট' কোন স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়? [বিআরডিবি-এর উপজেলা প্রকল্প কর্মকর্তা-২০১৩, অর্থ মন্ত্রণালয় (অডিট)-২০১১]
(ক) ১৯৫২-এর ভাষা আন্দোলন (খ) ১৯৬৬-এর ছয় দফা
(গ) ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ (ঘ) ১৯৬৯ সালের গণঅভ্যূত্থান

৩৯। বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল- [প্রাথমিক সহকারি শিক্ষক-২০১০]
(ক) মেহেরপুর (খ) চট্টগ্রামের কালুরঘাটে (গ) ঢাকায় (ঘ) কলকাতায়

৪০। বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশন্যাল রেজিস্টারে স্বীকৃতি দেয়?
[বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ব্যক্তিগত সহকারী-২০১৯]
(ক) UNESCO (খ) USDP (গ) HKI (ঘ) IDE

## উত্তরসমূহ

### Skill Builder-01

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | ক | ৫ | গ |
| ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ |

### Skill Builder-02

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | গ |

### Skill Builder-03

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | খ | ৪ | ক | ৫ | ক |
| ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ |

### Skill Builder-04

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ |

## বিগত সালের প্রশ্ন

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | গ | ১০ | গ |
| ১১ | খ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক |
| ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | ক |
| ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | ক | ৪০ | ক |

CAPSTONE